

# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

## ANSAR-VDP UNNAYAN BANK

আইসিটি বিভাগ

অফিস আদেশ

সূত্র: ২/২২/১১১/ ২৩৪৬

তারিখ: ১৪-০৩-২০২৪

শাখা ব্যবস্থাপক  
ভাংগা শাখা, ফরিদপুর  
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।

বিষয়: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর মাঠ (জেলা) পর্যায়ের অফিসের জন্য নির্ধারিত কার্যক্রম সূচক ১.১ এ বর্ণিত “সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের লক্ষ্যে “শাখার ঋণের গ্রাহক ম্যাপ” উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত চূড়ান্ত অফিস আদেশ জারী করা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর মাঠ (জেলা) পর্যায়ের অফিসের জন্য নির্ধারিত কার্যক্রম সূচক ১.১ এ বর্ণিত “সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন” এর লক্ষ্যে উদ্ভাবনী ধারণা আহবানের বিপরীতে ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে প্রাপ্ত ধারণাসমূহের উপর বিশদ আলোচনা-পর্যালোচনার প্রেক্ষিতে অত্র ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরে চূড়ান্তভাবে নির্বাচিত উদ্ভাবনী ধারণা “শাখার ঋণের গ্রাহক ম্যাপ” বাস্তবায়নের জন্য পাইলটিং পরবর্তী মূল্যায়ন সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র ব্যাংকের ফরিদপুর অঞ্চলাধীন ভাংগা শাখায় চলমান রয়েছে।

২। বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা “শাখার ঋণের গ্রাহক ম্যাপ” ব্যবহার করে Google Map এর Geo Location System এর মাধ্যমে শাখার গ্রাহকগণকে ট্র্যাক করে ঋণ আদায় ও বিতরণের ক্ষেত্রে মাঠ পর্যায়ে তদারকি এবং অন্যান্য ব্যাংকিং সেবা নিশ্চিত করা হবে। বর্ণিত ধারণাটির সুফল পেতে শাখার জন্য নির্ধারিত ই-মেইল একাউন্টটির মাধ্যমে Google Map এ গ্রাহকদের খাত ভিত্তিক ঋণের তথ্য Geo Location Feature ব্যবহার করে সংরক্ষণ করা যাবে। শাখার ঋণের গ্রাহক ম্যাপ উদ্ভাবনী ধারণাটি পরিচালনা ও ব্যবহারের নিয়মাবলী সম্বলিত ইউজার ম্যানুয়াল প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত)।


৩। শাখার ঋণের গ্রাহক ম্যাপ ব্যবহারের মাধ্যমে দ্রুততম সময়ে শাখার ঋণ গ্রহীতাদের সহজে ও দ্রুততম সময়ে ট্র্যাক সম্ভব হবে। ফলে শাখা ব্যবস্থাপক অথবা সেন্টারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্মস্থল ত্যাগ করলে বা বদলীজনিত কারণে নতুন যোগদানকৃত কর্মকর্তাদের জন্য ঋণের গ্রাহক ম্যাপ শাখার ঋণ গ্রহীতাগণের অবস্থান চিহ্নিতকরণে পথ প্রদর্শক হিসেবে কাজ করবে। ফলে গ্রাহক অনুসন্ধান কর্মকর্তাগণের উপর নির্ভরশীলতা হ্রাস পাবে।

৪। এমতাবস্থায় আপনার শাখার ই-মেইল একাউন্টটি ব্যবহার করে শাখার ঋণের গ্রাহক ম্যাপ তৈরীর নিয়মাবলী সম্বলিত ইউজার ম্যানুয়াল এর নির্দেশনা মোতাবেক সকল ঋণগ্রহীতার খাত ভিত্তিক GO Location ও গ্রাহক সংশ্লিষ্ট তথ্য যথাযথভাবে হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

৫। শাখার ঋণের গ্রাহক ম্যাপ তৈরী ও পরিচালনাজনিত যেকোনো প্রয়োজনে অত্র বিভাগের ই-মেইল-ict@ansarvdpbank.gov.bd এর মাধ্যমে যোগাযোগের নির্দেশনা প্রদান করা হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,


  
(মোহাম্মদ হাসান মাহমুদ)  
বিভাগ প্রধান  
ফোন:0258314223

সূত্র: ২/২২/১১১/ ২৩৪৬

তারিখ: ১৪-০৩-২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (প্রশাসন, অপারেশন এবং হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। আঞ্চলিক ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর (শাখার ঋণের গ্রাহক ম্যাপ হালনাগাদ ও ব্যবহারের ক্ষেত্রে শাখাসমূহকে নিয়মিত মনিটরিং এর নির্দেশনাসহ)।
- ৬। নথি / মহানথি।

  
গৌহিদ মোহাম্মদ শোয়েব  
প্রোগ্রামার

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.

Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615

Website: www.ansarvdpbank.gov.bd E-mail: info@ansarvdpbank.gov.bd